

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-১  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

নং-১০,০০,০০০০,১২৫,২৭,০১৭,১৬,০৯

তারিখঃ ২৪ পৌষ ১৪২৫ বঙ্গাব্দ  
০৭ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তা জনাব মোহাম্মদ এমদাদুল্লাহ এর বিরুদ্ধে কুমিল্লা জজশীপে সিনিয়র সহকারী জজ হিসেবে কর্মরত থাকাবস্থায় বিগত ০১/০১/২০১৩ খ্রি: তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি থাকার এবং বদলির আদেশ অমান্য করে বদলিকৃত কর্মস্থলে যোগদান না করার অভিযোগের প্রেক্ষিতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (বি) ও ৩ (সি) অনুযায়ী যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘ডিজারশন’র অভিযোগের দায়ে বিভাগীয় মোকদ্দমা নং ০১/২০১৬ রঞ্জুক্রমে তাঁর বরাবর অভিযোগনামা (১ম কারণ দর্শনোর নোটিশ) ও অভিযোগ বিবরণী যথারীতি জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১ম কারণ দর্শনোর নোটিশের প্রেক্ষিতে কোনরূপ জবাব দাখিল না করায় উক্ত বিভাগীয় মোকদ্দমাটি পূর্ণাঙ্গ তদন্তের নিয়মিত বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তাত্ত্বে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ পর্যালোচনা, সাক্ষ্য প্রমাণ ও পারিপার্শ্বিক অবস্থার আলোকে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনের আলোকে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) অনুযায়ী ‘অসদাচরণ’ ও ‘ডিজারশন’র অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে একই বিধিমালার বিধি ৪(৩)(সি) অনুযায়ী “চাকরি হতে অপসারণ (Removal from service)” দণ্ড প্রদানের থাথামিক সিদ্ধান্ত গৃহীত হওয়ায় একই বিধিমালার ৭(৬) বিধি অনুযায়ী ২য় বারের মতো কারণ দর্শনোর নোটিশ যথারীতি জারি করা হয় এবং একইসাথে দুইটি বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শনোর নোটিশের প্রেক্ষিতে কোনরূপ লিখিত জবাব দাখিল না করায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) অনুযায়ী ‘অসদাচরণ’ ও ‘ডিজারশন’র অভিযোগে দোষী সাব্যস্তক্রমে একই বিধিমালার বিধি ৪(৩)(সি) অনুযায়ী “চাকরি হতে অপসারণ (Removal from service)” দণ্ড প্রদান করার সিদ্ধান্ত গ্রহণক্রমে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ যাচন করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের প্রস্তাবে একমত পোষণ করে;

সেহেতু, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তা অভিযুক্ত জনাব মোহাম্মদ এমদাদুল্লাহ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) অনুযায়ী ‘অসদাচরণ’ ও ‘ডিজারশন’র অভিযোগে দোষী সাব্যস্তক্রমে একই বিধিমালার বিধি ৪(৩)(সি) অনুযায়ী “চাকরি হতে অপসারণ (Removal from service)” দণ্ড প্রদান করা হলো।

জনশ্঵ার্থে এই আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(আবু সালেহ শেখ মোঃ জাফরজ্জল হক)  
সচিব।

নং-১০.০০.০০০.১২৫.২৭.০১৭.১৬.০৯/১(১২)

তারিখঃ ২৪ পৌষ ১৪২৫ বঙাদ  
০৭ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ, কুমিল্লা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৬. উপ-পরিচালক, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।  
উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, কক্ষ নং ৫০৩, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
৮. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুমিল্লা।
৯. প্রেসার্যার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১০. গার্ড ফাইল।
১১. অফিস কপি।
১২. জনাব মোহাম্মদ এমদাদুল্লাহ, পিতা : মোহাম্মদ সাইদুর রহমান, গ্রাম : জাফরপুর, ডাকঘর : ইব্রাহিমপুর, উপজেলা : নবীনগর, জেলা : ব্রাহ্মণবাড়ীয়া।

৪৮/০৭/০১/১০১৯  
(মোঃ শাহবুদ্দিন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫৪৩১।